১৫৭

দৈনিক ইনকিলাব

তারিখ ... 19 NOV. 1997 ...
পৃষ্ঠা ... ৮ কলাম ... ৭

# বাংলাদেশের প্রেক্ষাপটে ইংরেজী ভাষার সমস্যা ও তার সমাধান

অধ্যাপিকা নিলুফার আনাম কবীর

পূর্ব প্রকাশিতের পর

এই ধরুন, আমাদের প্রথম ভাষা আমাদের মাতৃভাষা– যা বাংলা। এ রপ্ত করি কি করে? প্রথমে শ্রবণ করি, তারপর বলতে শিখি, এরপর পড়া এবং তার পরের ধাপে লেখা। ইংরেজীর বেলায়ও এ একই নিয়ম প্রযোজ্য। আমাদের দেশের ছাত্র-ছাত্রীরা পাঠ্য পুস্তক ছাড়া কমই আছে যারা শ্রেণীকক্ষের বাইরে ইংরেজী পত্রিকা, ইংরেজীতে সংবাদ শোনা, ছোট গল্পের বই পড়া, ইংরেজী ছবি দেখা, ইংরেজীতে সহপাঠি বন্ধু-বান্ধবদের সঙ্গে কথা বলার চর্চা করে থাকে বা শুনে থাকে। ইংরেজী হচ্ছে TECHNICAL COURSE. অংকের মত। এর অনুশীলনও অংকের মত। কেবল PRACTICE করার অভ্যাস করা চাই। পূর্বেই আলোচনা করেছি যে, চারটি SKILL অর্থাৎ (A) "LISTENING SKILL (B) SPEAKING SKILL (C) READING SKILL (D) WRITING SKILL এবং চারটির অনুশীলনের উপর জোর দিতে হবে। কেবল পড়লে আর লিখলে হবে না– এটা মুখস্থ করার বিদ্যা নয়। এ আন্তর্জাতিক ভাষাকে ধৈর্য আর শ্রদ্ধা সহকারে বিভিন্ন কৌশল আয়ত্ত করে একে রপ্ত করতে হবে। পৃথিবীর যে কোন দেশে যে কোন জাতির সঙ্গে যোগাযোগ করার মাধ্যম এ ভাষা। নিজের দেশেও এর প্রয়োজন রয়েছে ব্যাপক। কারণ এত বড় বিশ্বে আমি ও আমরা ভৌগোলিক সীমারেখায় আবদ্ধ করে অন্যান্য দেশ হতে নিজেকে পৃথক করে কল্পলোকের মায়াবী দ্বীপে বাস করতে পারব না– আমাকে সব দেশের সঙ্গে বন্ধুত্বপূর্ণ, অর্থনীতির ক্ষেত্রে সামাজিকভাবে সমান্তরাল গতিতে এগিয়ে চলে মহান জাতি হিসেবে নিজেদের প্রতিষ্ঠিত করতে হবে বিশ্বের মানচিত্রে। প্রথমেই LISTENING SKILL অর্থাৎ শ্রবণের শক্তিকে কিভাবে প্রখর করা যায় তা রপ্ত করতে হবে। এই কলা-কৌশলে আমরা অন্যে কি বলতে চায় তা বুঝতে চেষ্টা করি। এর জন্য WE HAVE TO BE VERY SERIOUS ABOUT OUR EAR. কানকে জাগ্রত রাখতে হবে। আর এর জন্য PRONUNCIATION অর্থাৎ ভাষার সঠিক উচ্চারণের প্রক্রিয়াকে বুঝতে হবে।

কোন WORD-এর কোন SYLLABLE বা অক্ষর-এর উপর ACCENT বা জোড় দেয়া হল লক্ষ্য রাখতে হবে। ৬ থেকে ১২ বছরের ছাত্র-ছাত্রীদের ক্লাসে READING পড়ানোর ব্যবস্থা করতে হবে– TEACHER কয়েকবার পড়াবার পর বুঝাবার পর পরীক্ষা করতে হবে ছাত্র-ছাত্রীদের জিজ্ঞেস করে বাক্যের মাঝে যে শব্দটি কঠিন। তা উচ্চারণ করে TEACHER দেখিয়ে তারপর সমস্বরে ছাত্র-ছাত্রীদের বলতে বলবে। আবার এক একজন করে জিজ্ঞেস করবে। ছাত্র-ছাত্রীরা যেন আনন্দের সঙ্গে চেষ্টা করে সে জন্য তাদের উদ্বুদ্ধ বা MOTIVATE করবেন। ভাল করে উচ্চারণ করতে পারলে কখনও GOOD, কখনও VERY GOOG বলে এদের মাঝে প্রেরণা যোগাবেন। ইংরেজী উচ্চারণ না বোঝার কারণে অনেকেই LISTENING SKILL-এ অর্থাৎ শ্রবণীয় ক্ষেত্রে দুর্বল হয়ে যায়। TV-তে ENGLISH-এ কার্টুন দেখানো হয়। দু' থেকে ১০ বছরের ছাত্র-ছাত্রীদের জন্য ইংরেজী উচ্চারণকে অনুকরণ করে এ ভাষা চর্চা করার সুন্দর প্রক্রিয়াটি স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয়ের বাইরে। গৃহেরও পরিবেশ অনুকূল হতে হবে এ ভাষায় পারদর্শিতা অর্জনের প্রয়াসে। ১ বছর বা দু'বছরের ইংরেজী শিক্ষার PROCESS-কে আমি সবসময় চর্চা না করে ৪ মাসে রপ্ত করতে চাই, তা হবে কেমন করে? ইংরেজী-অংকে যারা ভাল তারা জীবনে বড় হবেই। নিজেদের যোগ্য করে সম্ভব করবে দেশের তরে নিজের তরে স্বীয় জীবনকে বলিদান করার প্রয়াসে। পাঠ্যবই ইংরেজীর হতে হবে উন্নতমানের STANDARD অর্থাৎ সুযোগ্য করতে হবে। TOPIC অর্থাৎ বইগুলোর বিষয়বস্তু যেন আনন্দের এবং এতে নৈতিক উপদেশমূলক, আবিষ্কারপূর্ণ, দেশ-বিদেশের, জ্ঞান সম্বলিত হয় সেদিকে অবশ্যই দৃষ্টিপাত করতে হবে। উচ্চারণের সঙ্গে SPELLING অর্থাৎ শুদ্ধভাবে বানানের প্রক্রিয়াকেও রপ্ত করতে হবে। DICTIONARY অর্থাৎ শব্দকোষের যে অভিধান আছে তা থেকে কিভাবে অজানা শব্দের অর্থ খুঁজে বার করতে হয় এবং উচ্চারণের প্রক্রিয়াকে জানতে হয়, তা ছাত্র-ছাত্রীদের বোঝাতে হবে– DICTIONARY যে বন্ধু, এর সাহায্যের প্রয়োজন অধিকাংশ ছাত্র-ছাত্রী তা মনে করে না।

(চলবে)